

## 💵 তারুদীরঃ আল্লাহ্র এক গোপন রহস্য

বিভাগ/অধ্যায়ঃ তারুদীর বিষয়ে বিস্তারিত রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

তারুদীর নিয়ে আলোচনা করা কি নিষেধ?

অনেকেই বলে তারুদীর সম্পর্কে আলোচনা করা মোটেই ঠিক নয়। কারণ এ সম্পর্কে আলোচনা করলে হৃদয়ের মণিকোঠায় সন্দেহের ধুমুজাল বাসা বাধতে পারে। তবে বিষয়টি আসলে তেমন নয়। কারণঃ

- ১. তারুদীর ঈমানের অন্যতম একটি রুকন। এর প্রতি ঈমান না আনয়ন করা পর্যন্ত কারো ঈমান পূর্ণ হবে না। কিন্তু এ সম্পর্কে আলোচনা না করলে একজন মুসলিম তা কিভাবে বুঝবে?!
- ২. অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি হাদীছ 'হাদীছে জিবরীল'-এ প্রসঙ্গে আলোচনা এসেছে। বলা বাহুল্য যে, জিবরীল ('আলাইহিস্সালাম) মানুষের রূপ ধরে রাসূল (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) ও ছাহাবায়ে কেরাম (রাদিয়াল্লাহু 'আনহুম)-এর নিকটে হাদীছটি নিয়ে এসেছিলেন এবং ঘটনাটি ছিল রাসূল (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম)-এর শেষ জীবনে। সেদিন রাসূল (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) বলেছিলেন,

'তিনি হচ্ছেন জিবরীল ('আলাইহিস্সালাম)। তিনি তোমাদেরকে তোমাদের দ্বীন শেখাতে এসেছিলেন'।[1] বুঝা গেল, তারুদীর সম্পর্কে জানা দ্বীনের অংশ; তারুদীরের অন্ততঃ প্রাথমিক জ্ঞানটুকু থাকা যরূরী।

৩. এ বিষয়ে অসংখ্য আয়াতে তারুদীরের বিবরণ এসেছে। আর মহান আল্লাহ আমাদেরকে কুরআনের আয়াতসমূহ গবেষণার নির্দেশ দিয়েছেন। এরশাদ হচ্ছে,

'এটি একটি বরকতময় কিতাব। এটিকে আমি আপনার উপর অবতীর্ণ করেছি, যাতে মানুষ এর আয়াতসমূহ গবেষণা করে' (ছোয়াদ ২৯)। তাহলে আমরা কিভাবে বলতে পারি যে, এ বিষয়ে আলোচনা করা ঠিক নয়?!

- 8. তারুদীর সম্পর্কে অনেক হাদীছ এসেছে। ছাহাবায়ে কেরাম (রাদিয়াল্লাহু 'আনহুম) রাসূল (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) কে তারুদীরের সূক্ষ্ম বিষয়েও জিজ্ঞেস করতেন এবং তিনি তাঁদেরকে সঠিক জবাব দিতেন। অনুরূপভাবে ছাহাবায়ে কেরাম (রাদিয়াল্লাহু 'আনহুম)ও তাঁদের ছাত্র তাবেঈনকে তারুদীর বিষয়ে শিক্ষা দিতেন।
- ৫. ছাহাবায়ে কেরাম (রাদিয়াল্লাহু 'আনহুম)সহ আমাদের পূর্বসূরী প্রায় সকল আলেম তারুদীর সম্পর্কে কথা বলেছেন, পৃথক বই-পুস্তক, প্রবন্ধ রচনা করেছেন। তাহলে কি তাঁরা রাসূল (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম)-এর নির্দেশের বিরোধিতা করেছেন? কখনই না। মানুষ যাতে পথভ্রস্ট না হয়ে যায় এবং তারা যাতে জাগ্রত জ্ঞান সহকারে দ্বীনের উপর প্রতিষ্ঠিত থাকতে পারে, সেজন্য তাদেরকে তারুদীর বিষয়ক হরু কথাটি বুঝানো কি উচিৎ নয়? এ বিষয়ে উত্থাপিত নানা প্রশ্ন এবং জটিলতার সঠিক জবাব দেওয়া কি করণীয় নয়?
- ৬. আমরা যদি তারুদীর সম্পর্কে আলোচনা করা ছেড়ে দিই, তাহলে সাধারণ মানুষ এ বিষয়ে অজ্ঞ হয়ে যাবে।



এই সুযোগে বাতিল মাথাচাড়া দিয়ে উঠবে এবং তারুদীর সম্পর্কে মুসলিমদের মাঝে বিভ্রান্তি ছড়ানোর পথ সহজ হয়ে যাবে।

## ফুটনোট

[1]. ছহীহ মুসলিম, 'ঈমান' অধ্যায়, 'ঈমান, ইসলাম ও ইহ্সানের বিবরণ এবং তারুদীরের প্রতি ঈমান আনা অপরিহার্য' অনুচ্ছেদ (রিয়ায: বায়তুল আফকার আদ-দাওলিইয়াহ, প্রকাশকাল: ১৯৯৭ইং), হা/৮।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=15037

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন